

বাংলা মেলা ২০১০ সফল ভাবে সম্পন্ন

গত ১৩ই ফেব্রুয়ারী শনিবার বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন আয়োজিত বাংলা মেলা অত্যন্ত সফল ভাবে সম্পন্ন হয়। সিডনী জুড়ে সারাদিন বৃষ্টি থাকা সত্ত্বেও ক্যাম্পবেলটাউন এলাকায় বৃষ্টির প্রকোপ ছিলো কম। কর্তৃপক্ষ তাই মেলা চালিয়ে যেতে সিদ্ধান্ত নেন। দুপুর ১২টায় ক্যাম্পবেলটাউন সিটি কাউন্সিল মেয়র মিঃ এ্যারন রোল ও কাউন্সিলর মিঃ এ্যানলগ চান্দিভাং অত্যন্ত জাকজমকপূর্ণ ভাবে বেলুন উড়িয়ে আনুষ্ঠানিক ভাবে মেলার শুভ সূচনা করেন। এ সময় বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটানের নেতৃবর্গসহ স্থানীয় আরো অনেক গণ্যমান্য ব্যক্তি সহ মিডিয়ার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সারাদিন ব্যাপি থেমে থেমে গুড়ি গুড়ি বৃষ্টি হওয়া সত্ত্বেও মেলায় বিপুল সংখ্যক দর্শকের সমাগম হয়। বিশেষ করে বিকেল গড়িয়ে এলে মেলা প্রাঙ্গন ভরে ওঠে আনন্দপিপাসু মানুষের পদচারনায়। মেলা প্রাঙ্গন জুড়ে ছেট বড় নানা রকমের ষ্টল জুড়ে হরেক রকমের খাবার-দাবাড়, পোষাক, মেয়েদের রকমারী দেশীয় ঐতিহ্যবাহী অলঙ্কার, মেহেদীর আলপনা, সিডি-ভিসিডি, বই-ম্যাগাজিনের ষ্টলগুলোতে ছিল উপচে পড়া ভিড়।

আয়োজকদের আন্তরিক প্রচেষ্টায় মেলা প্রাঙ্গন সাজানো হয়েছিল একেবারেই দেশীয় মেলার আমেজে। যা নিজের চোখে প্রত্যক্ষ না করলে ভাষায় বর্ণনা করে বোঝানো যাবে না। বিকেল ৪টার সময় ফেডারেল মন্ত্রী মিঃ লরী ফার্গুসন ও মিসেস ফার্গুসন, স্থানীয় ফেডারেল এমপি মিঃ

ক্রিস হাইস্কুল, স্টেট এমপি মিঃ এন্ড্রু ম্যাকডোনাল্ড মেলা প্রাঙ্গনে উপস্থিত হন। বিকেল ৪টা ১৫মি: বাংলাদেশের মাননীয় হাইকমিশনার লেঃ জেঃ মাসুদ উদ্দিন চৌধুরী মেলায় উপস্থিত হয়ে অস্ট্রেলিয়ান সরকারের ফেডারেল ও স্টেট মন্ত্রী-এমপি, মেয়র, অন্যান্য সরকারী কর্মকর্তাদের সহিত পরিচিত হন এবং কুশল বিনিময় করেন। এসময়ে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর সভাপতি মিঃ মইনুল ইসলাম চৌধুরী ও সাধারণ সম্পাদক মিঃ ইকবাল ফারুখ সহ সংগঠনের সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ।

সাধারণ সম্পাদকের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে আলোচনাপর্ব শুরু হয়। এবারের মেলায় সকল স্পন্সরকারীদেরকেও বক্তব্য রাখার জন্য মধ্যে আমন্ত্রন করা হয়। এর পর একে একে কাউন্সিলর মিঃ এ্যানলগ চান্দিভাং, সিটি কাউন্সিল মেয়র মিঃ এ্যারন রোল, বাংলাদেশের অনারেবল কাউন্সিলর মিঃ এন্ড্রু কুরী, স্থানীয় ফেডারেল এমপি মিঃ ক্রিস হাইস্কুলের মন্ত্রী মিঃ লরী ফার্গুসন, বাংলাদেশের মাননীয় হাইকমিশনার লেঃ জেঃ মাসুদ উদ্দিন চৌধুরী এবং সবার শেষে সভাপতি মিঃ মইনুল ইসলাম চৌধুরী বক্তব্যের মধ্য দিয়ে আলোচনাপর্ব শেষ হয়।

প্রতি বছরের মত এবারেও উপস্থিত অতিথিদেরকে সন্মান সূচক ক্রেষ্ট প্রদান করা হয়। এবারেই প্রথম বারের মত সিডনীস্থ সকল বাংলাদেশী মিডিয়াকেও সোসাইটিতে তাদের কর্মের অবদানের জন্য সন্মাননা ক্রেষ্ট

প্রদান করা হয়, যা ছিলো সিডনীতে বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর ব্যতিক্রমী উদ্যোগ। প্রতিবারের মত এবারও বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন বাংলাদেশী কমিউনিটিতে বিশেষ অবদান রাখার জন্য মিঃ নজরুল ইসলাম, গ্রামীণ ব্যাংক প্রকল্প ও মিঃ নাসিম সামাদ, সহ-সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব নিউ সাউথ ওয়েলস কে বিশেষ ক্রেষ্ট প্রদান করা হয়। সোইটির মধ্য থেকে ইশবাল ফারুখ, সাধারণ সম্পাদক ও মাহারুব চৌধুরী, সাংগঠনিক সম্পাদককে বিশেষ অবদান রাখার জন্যও ক্রেষ্ট প্রদান করা হয়। তাছাড়াও সিডনী মর্টগেজ সল্যুশনের মিঃ ফারুখ ভূইয়া সোসাইটির তিন জনকে বিশেষ অবদান রাখার জন্য ক্রেষ্ট প্রদান করেন। তারা হলেন, সভাপতি মিঃ মহিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ মিঃ সাত্তার খাজা ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ কাইউম।

বিকেল ৫টা ৩০মিঃ শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠান সাজানো হয়েছিলো নাচ, গান, কবিতা, ঘোন্দা ব্যান্ড এর মন মাতানো ব্যান্ড শো আর মনোরম ফ্যাশন শো দিয়ে। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করেন অস্ট্রেলিয়ান্স বিখ্যাত শিল্পীবৃন্দ ও শিশুকিশোর। মেলার বিশেষ আকর্ষণ ছিলো কমনওয়েলথ ব্যাংক অব অস্ট্রেলিয়া ও সিডনী মর্টগেজ সল্যুশনের পৃষ্ঠপোষকতায় আকর্ষণীয় র্যাফেল ড্র। এয়াড়া মালয়েশিয়া এয়ারলাইনের সিডনী-ঢাকা-সিডনী টিকেটের ওপেন নিলাম। যার স্পন্সর ছিল মীম ট্রাভেলস্।

সবশেষে রাত দশটায় আকর্ষণীয় আলো ঝলমল ফায়ার ওয়ার্কস্ দিয়ে
বাংলা মেলা ২০১০ এর সমাপ্তি টানা হয়। ফায়ার ওয়ার্কস্ উপভোগ
করতে রাত ১০টা অবধি বিপুল সংখ্যক দর্শক মাঠে উপস্থিত ছিলেন।